# 181556 - "তোমাদরে মধ্যে যার সামর্থ্য আছে তার উচতি ববিাহ করা" শীর্ষক হাদসিরে অর্থ এ নয় যে, গরীব লোককে বয়িে করা থকেে বারণ করা

প্রশ্ন

এখানে ব্রটিনেে অনকে ছাত্ররাই চাকুরী কর।ে কনেনা তারা নজিদেরেকে হারাম থকেে বাঁচানোর জন্য বয়িে করতে চায়। আমি দুটো হাদসি পড়ছে;ি মনে হচ্ছে হাদসিদ্বয় সাংঘর্ষকি। এক: "হে যুবকরো! তোমাদরে মধ্যে যার সামর্থ্য আছে তার উচতি বয়িে করা"। অপরটি হল: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জনকৈ মহলিাকে এক গরীব লোকরে কাছে বয়িে দয়িছেলিনে। আমি যা বুঝতে পরেছে,ি প্রথম হাদসি বলছ:ে পুরুষরে বয়িরে জন্য আর্থকিভাবে প্রস্তুত হওয়া আবশ্যক; যাতে করে স্ত্রীর খরচ চালাতে পার।ে আর দ্বতিীয় হাদসি বলছ:ে তনিি এক গরীব লোককে বয়িে করয়িছেনে যে কোন সম্পদরে মালকি নয়।

এ হাদসিদ্বয় কি সাংঘর্ষকি; নাকি আমার বুঝার ভুল আছ?ে

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

প্রথম হাদসিটি ইমাম বুখারী (৫০৬৬) ও ইমাম মুসলমি (১৪০০) ইবনে মাসউদ (রাঃ) থকেে বর্ণনা করনে, তনিি বলনে: "আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে সাথে কছিু যুবক ছলিাম যাদরে কছিুই ছলি না। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: হে যুব সমাজ! তোমাদরে মধ্যে যারা সামর্থ্য রাখ তাদরে উচতি বয়িে করে ফলো। কনেনা বয়িে দৃষ্টি অবনতকারী ও লজ্জাস্থানকে হফোযতকারী। আর যার সামর্থ্য নইে তার উচতি রোযা রাখা। কনেনা রোযা যৌন উত্তজেনা প্রশমনকারী।"

দ্বতিীয় হাদসিটি হচ্ছ— সাহল বনি সা'দ (রাঃ) হতে বর্ণতি আছে য,ে একদা এক মহলিা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বলল: হে আল্লাহর রাসূল! আমি আমার নজিকেে আপনার জন্য উপহার দতিে এসছে (পরোক্ষ ভাষায় বয়িরে প্রস্তাব)। তখন নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তার দকিে তাকয়িে তার আপাদমস্তক লক্ষ্য করে মাথা নচিু করলনে। মহলিাটি যখন দখেল যে নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম কোন ফয়সালা দচ্ছিনে না তখন সে বসে পড়ল। এমন সময় রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীদরে একজন বলল, যদি আপনার কোন প্রয়োজন না থাক,ে তবে এ মহলিাটরি সঙ্গে আমার বয়িে দয়িে দনি। তনিি বললনে, তোমার কাছে কি কছিু আছ?ে সে বলল: হে আল্লাহর রাসূল! আল্লাহর কসম কছিুই নইে। তনিি বললনে: তুমি তোমার পরবিাররে কাছে ফরিে যাও এবং দখে কছিু পাও কি না? এরপর

লোকেটি চলে গলে এবং ফরিে এসে বলল: আল্লাহর কসম, হে আল্লাহর রাসূল! আমি কছিুই পলোম না। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললনে: দখে, একটি লোহোর আংটি হলওে! তারপর সে চলে গলে এবং ফরিে এসে বলল: আল্লাহর কসম, একটি লোহোর আংটওি পলোম না। কন্তিু এই যে আমার লুঙ্গি আছে। সাহল (রাঃ) বলনে, তার কোনে চাদর ছলি না। অথচ লোকেটি বলল: এটাই আমার পরনরে লুঙ্গি; এর অর্ধকে দতিে পার।ি এ কথা শুনে রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললনে: তোমার লুঙ্গি দয়িে সে কি করবে? তুমি পরধিান করলে তার গায়ে কোনে কছিু থাকবে না। আর সে পরধিান করলে তোমার গায়ে কোনে কছিু থাকবে না। তখন লোকেটি বসে পড়লো এবং অনকেক্ষণ সে বসছেলি। তারপর উঠে গলে। রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে ফরিে যতেে দখেে ডকেে আনলনে। যখন সে ফরিে আসল, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে জজ্ঞিসে করলনে: তোমার কতটুকু কুরআন মুখস্থ আছে? সে গণে বলল, অমুক অমুক অমুক সূরা মুখস্থ আছে। তখন নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে জজ্ঞিসে করলনে: তুমি কি এ সকল সূরা মুখস্থ তলিাওয়াত করতে পার? সে বলল: হ্যাঁ! তখন নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললনে: যাও তুমি যে পরমিাণ কুরআন মুখস্থ করছে এর বনিমিয়ে এ মহলিার সাথে তোমার ববিাহ দলিাম। [সহহি বুখারী (৫০৩০) ও সহহি মুসলমি (১৪২৫)]

আলহামদু লল্লিাহ্; এ হাদসিদ্বয় সাংঘর্ষকি নয়। বরং প্রত্যকেটি হাদসি এর যথোপযুক্তস্থানে উদ্ধৃত হয়ছে।ে ইবনে মাসউদ (রাঃ)-এর হাদসিে সাধারণভাবে সকল যুবক ও বয়িতেে আগ্রহী ব্যক্তদিরে প্রতি আহ্বান উদ্ধৃত হয়ছে;ে এ কথা বর্ণনা করার জন্য য,ে বয়িরে জন্য খরচরে সামর্থ্য থাকা ও যোগ্যতা থাকা বাঞ্ছনীয়; যাতে করে স্বামী তার স্ত্রীর ভরণ-পোষণ ও বাসস্থানরে ফরয দায়ত্বি পালন করতে পার।ে

الباءة (সামর্থ্য) মানে হচ্ছ—েবয়িরে খরচাদ।ি তাই শরয়িতপ্রণতো (আইনদাতা) এ মূল বধিানটি বর্ণনা করতে চাইলনে। সটো হল—বয়িটো শুধু নছিক একটি আকদ (চুক্ত)ি ও বধৈভাবে যৌন চাহদিাপূরণ নয়। বরং বয়িে একটি দায়ত্বি-কর্তব্য ও নারীর উপর পুরুষরে কর্তৃত্ব।

"এবং হাদসিটি এ প্রমাণও বহন করে য,ে যে ব্যক্তি বয়িে করতে অপারগ তার জন্য রোযো রাখায় মশগুল থাকার বধিান রয়ছে।ে কনেনা রোযো যৌন উত্তজেনাকে দুর্বল করে এবং শয়তানরে চলাচলকে সংকোচতি কর।ে তাই রোযো হচ্ছ-ে চরত্রি ঠকি রাখা ও দৃষ্টকিে অবনত রাখার মাধ্যম।"[মাজমু ফাতাওয়া বনি বায (৩/৩২৯)]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে বাণী: "তোমাদরে মধ্যে যারা সামর্থ্য রাখ তাদরে উচতি বয়িে করে ফলো।" এ দলীলওি রয়ছেে য,ে যে ব্যক্তরি সামর্থ্য আছে ও বয়িরে খরচাদি বহন করার ক্ষমতা আছে তার জন্যে অবলিম্বে বয়িে করাটাই শরয়িতরে বধিান।

স্থায়ী কমটিরি আলমেগণ বলনে: "বয়িরে খরচাদি বহন ও স্ত্রীর অধকিার আদায়ে সক্ষম যুবকরে অবলিম্বে বয়িে করাই রাসূলরে সুন্নত।"[ফাতাওয়াল লাজনাহ আদ-দায়মিা (৬/১৮)]

পক্ষান্তরে, দ্বিতীয় হাদিসটি বিশেষ একটি ঘটনাকেন্দ্রিক এবং দরিদ্র এক ব্যক্তির বিয়ে করা ও চরিত্র রক্ষা করা সংক্রান্ত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে ঐ নারীর সাথে বিয়ে দিয়ে দিয়েছেন যে নারী নিজেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি উপহার হিসেবে পেশ করেছিলেন। এ হাদিসে দলিল রয়েছে যে, দরিদ্রতা সত্তাগতভাবে বিবাহকে বাধা দেয় না; যদি পাত্র দ্বীনদার হয় এবং নিজ প্রতিপালকের প্রতি বিশ্বাসী হয় এবং পাত্রীও সে রকম হয়। এ প্রসঙ্গে আল্লাহ্ তাআলা বলেন: "তোমাদের মধ্যে যাদের স্বামী বা স্ত্রী নেই তাদের বিয়ের ব্যবস্থা কর, তোমাদের দাস-দাসীদের মধ্যে যারা সৎ ও যোগ্য তাদেরও। তারা যদি দরিদ্র হয় তাহলে আল্লাহ্ই নিজ অনুগ্রহে তাদেরকে সচ্ছল করে দেবেন। আল্লাহ্ মহা দানশীল, মহাজ্ঞানী।"[সূরা নূর, আয়াত: ৩২] সুতরাং আল্লাহ্র উপর যথাযথ তাওয়াক্কুল, চরিত্র রক্ষার আকাঙ্ক্ষা, আল্লাহ্র অনুগ্রহ প্রত্যাশা থাকলে আশা করা যায় এমন দম্পতিকে আল্লাহ্ সাহায্য করবেন এবং তাঁর অনুগ্রহ থেকে রিযিক দিবেন। যেমনটি সুনানে তিরমিযিতে (১৬৫৫) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, তিনি বলেন: রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তিন ব্যক্তিকে সাহায্য করা আল্লাহ্র দায়িত্বে: আল্লাহ্র রাস্তায় জিহাদকারী, এমন মুকাতাব দাস (মালিককে নিজের মূল্য পরিশোধ করে স্বাধীন হতে ইচ্ছুক) যে পরিশোধ করতে ইচ্ছুক এবং এমন বিবাহকারী যে চরিত্র রক্ষা করতে ইচ্ছুক।"[আলবানী হাদিসটিকে হাসান বলেছেন]

ইমাম বুখারী এ হাদিসটির শিরোনাম দিয়েছেন এই বলে: "অভাবীর কাছে বিয়ে দেওয়া"। দলিল হচ্ছে—আল্লাহ্র বাণী: "তারা যদি দরিদ্র হয় আল্লাহ্ই নিজ অনুগ্রহে তাদেরকে সচ্ছল করে দিবেন"। হাফেয ইবনে হাজার (রহঃ) বলেন: "তিনি যে শিরোনাম দিয়েছেন সেটার পক্ষে কারণ হিসেবে আল্লাহ্র বাণী: "তারা যদি দরিদ্র হয় আল্লাহ্ই নিজ অনুগ্রহে তাদেরকে সচ্ছল করে দিবেন" কে পেশ করেছেন। এর সার কথা হচ্ছে- বর্তমানে কারো দরিদ্র অবস্থা তার কাছে বিয়ে দেয়ার পথে বাধা নয়; যেহেতু ভবিষ্যতে তার সম্পদ অর্জনের সম্ভাবনা রয়েছে।[সমাপ্ত]

আলী বিন আবু তালহা, ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণনা করেন: "আল্লাহ্ তাদেরকে বিয়ে দেওয়ার প্রতি উৎসাহিত করেছেন। তিনি স্বাধীন ও দাস সবাইকে বিয়ে দেয়ার আদেশ দিয়েছেন এবং তাদেরকে স্বাবলম্বী করে দেয়ার ওয়াদা করেছেন। তিনি বলেছেন: "তারা যদি দরিদ্র হয় আল্লাহ্ই নিজ অনুগ্রহে তাদেরকে সচ্ছল করে দিবেন।"

ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত আছে তিনি বলেন: "তোমরা বিয়ে করার মাধ্যমে স্বাবলম্বন সন্ধান কর"।[তাফসিরে ইবনে কাছির (৬/৫১)]

শাইখ বিন বায (রহঃ) বলেন:

এ আয়াতে কারীমাতে আল্লাহ্ তাআলা যাদের স্বামী বা স্ত্রী নেই তাদেরকে এবং সৎ ও যোগ্য দাস-দাসীদের কাছে বিয়ে দেয়ার নির্দেশ দিয়েছেন এবং জানিয়েছেন যে, এটি গরীবদের সচ্ছলতার মাধ্যম যাতে করে, পাত্রী ও পাত্রীর অভিভাবকগণ নিশ্চিন্ত হতে পারে যে, দারিদ্র বিয়ের পথে বাধা হওয়া অনুচিত। বরং বিয়ে রিযিক হাছিল ও স্বাবলম্বী হওয়ার

মাধ্যম।"['ফাতাওয়া ইসলামিয়্যা' (৩/২১৩) হতে সমাপ্ত]

এ কারণে সামর্থ্যবানকে বিয়ে করার প্রতি উদ্বুদ্ধ করার অর্থ এ নয় যে, সামর্থ্যহীনকে বিয়ে করতে বারণ করা; বিশেষত কেউ যদি নিজের ব্যাপারে হারামে লিপ্ত হওয়ার আশংকা করে।

অনুরূপভাবে সামর্থ্যহীনকে যৌন উত্তেজনা দমিয়ে রাখা ও শান্ত করার জন্য রোযা রাখার দিক-নির্দেশনা দেওয়ার মধ্যেও বিয়ে করার ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা নেই। হতে পারে সে এমন কাউকে পাবে যিনি তাকে বিয়ে করার ক্ষেত্রে সহযোগিতা করবেন। হতে পারে সে এমন কোন পাত্রীকে পাবে যে পাত্রী তার দ্বীনদারি ও সৎ হওয়ার কারণে তার আর্থিক অবস্থাকে মেনে নেবে। এগুলো ব্যক্তিগত ব্যাপার। ব্যক্তি থেকে ব্যক্তিতে, এক প্রথা থেকে অপর প্রথাতে পার্থক্য হয়। পক্ষান্তরে, ইবনে মাসউদ (রাঃ) এর হাদিসে যা উদ্ধৃত হয়েছে সেটা হচ্ছে— সাধারণ একটা শিষ্টাচার এবং সামর্থ্যহীনকে রোযা রাখার মাধ্যমে নিজেকে রক্ষা করার পরামর্শ। আর তাদের মধ্যে যে ব্যক্তি বিয়ে করার কোন উপায় পায় তাতে কোন অসুবিধা নেই। বরং তাকে বিয়ের ব্যাপারে উৎসাহ ও উদ্বুদ্ধ করা হবে। ঠিক এ কারণে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আর যার সামর্থ্য নেই" তার ক্ষেত্রে তিনি এ কথা বলেননি যে, 'তার উচিত বিয়ে না করা'। বরং তিনি বলেছেন: "তার উচিত রোযা রাখা"; যাতে করে সে গুনাহতে লিপ্ত না হয়। আর যদি কিছু কষ্ট-ক্লেশ করে হলেও সে বিয়ে করতে পারে নিঃসন্দেহে তাতে কোন অসুবিধা নেই। কারণ রোযাকে স্থলাভিষিক্ত করা হয়েছে একেবারে অপারগতার ক্ষেত্রে। যদি কিছু কষ্ট করে হলেও বিয়ে করতে পারে তাহলে সেটাই ভাল।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।